

Times Today BD

সিনিয়র রিপোর্টার | প্রবাস | 15 May, 2025

মালয়েশিয়ার শ্রমবাজার বাংলাদেশের জন্য উন্মুক্ত হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। বৃহস্পতিবার মালয়েশিয়ার মানবসম্পদ মন্ত্রী স্টিভেন সিম এবং স্বরাষ্ট্রমন্ত্রী সাইফুদ্দিন নাসিতুন ইসমাইলের সঙ্গে প্রবাসী কল্যাণ উপদেষ্টা ড. আসিফ নজরুলের বৈঠকের পর এই সম্ভাবনা তৈরি হয়েছে।

এদিকে মানবসম্পদ মন্ত্রী স্টিভেন সিম চি কেওং ড. আসিফ নজরুলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকে মালয়েশিয়ায় কর্মরত বাংলাদেশি শ্রমিকদের কল্যাণ, নিরাপত্তা এবং ব্যবস্থাপনা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। উভয় পক্ষই শ্রমিকদের জন্য নিরাপদ, ন্যায্য এবং সম্মানজনক কর্মসংস্থান ব্যবস্থা নিশ্চিত করতে কৌশলগত সহযোগিতা বাড়ানোর প্রয়োজনীয়তার উপর জোর দেন।

স্টিভেন সিম বলেন, মালয়েশিয়ার মাদানি কাঠামোর মধ্যে ইহসান, কেডিলান এবং কেসেহাতানের মূল নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে বিদেশি কর্মীদের সামাজিক সুরক্ষা, কল্যাণ এবং দক্ষতা প্রশিক্ষণের সুযোগ বাড়ানোর জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

এই বৈঠক বিশ্ব শ্রমবাজারে সাধারণ চ্যালেঞ্জ মোকাবিলায় জন্য দুদেশের মধ্যে উন্মুক্ততা এবং সহযোগিতার মনোভাবের প্রতিফলন ঘটায়। এটি টেকসই উন্নয়ন এবং সর্বজনীন কল্যাণ নিশ্চিত করার এজেন্ডাকে সমর্থন করে।

মালয়েশিয়া

প্রবাসী

আসিফ নজরুল

মালয়েশিয়া প্রবাসী আসিফ নজরুল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:23

URL: <https://www.timestodaybd.com/migration/3054282520>